## SEC-B-2

### (ব্যবহারিক বাংলা - ২)

### পূর্ণমান - ৮০

১। (ক) নীচের অসমাপ্ত গল্পসূত্রটি অবলম্বন করে **(অনধিক ৩০০ শব্দের মধ্যে)** একটি কাহিনি নির্মাণ করো। ১০

একজন অধ্যাপকের পাণ্ডিত্য নিয়ে তাঁর সহকর্মীরা ঈর্ষা করতেন। বাড়িতে সবাই তাকে মান্য করলেও বিবেচনাধীন বিষয়ে তাঁর এক পুত্র, দুই কন্যা, এমনকি তাঁর স্ত্রীও তাঁকে গুরুত্ব দিতেন না। হঠাৎ একদিন কলেজ থেকে ফেরার পথে তিনি নিখোঁজ হয়ে যান।

*অথবা,*

(খ) নীচের বিষয়টি অবলম্বন করে কমবেশি ৩০০ শব্দে শিরোনামসহ একটি প্রবন্ধ রচনা করো। ১০

তাবিজ, কবজ, রত্নধারণকারী বিজ্ঞানের শিক্ষক এবং বিজ্ঞানমনস্কতা।

২। (ক) কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানানের ক্ষেত্রে কী কী নিয়ম বহাল রেখেছে তা বিশদে জানাও। ১০

*অথবা,*

(খ) বিদেশি শব্দের বানান সম্পর্কে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৩। (ক) নীচের গদ্যাংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (IPA) রূপান্তরিত করো।

মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজদরবার থেকে বাংলা ভাষার প্রথম বই আবিষ্কার করেন। সাধারণভাবে এটি চর্যাপদ বা চর্যাগীতি নামে পরিচিত। এটি একটি সংকলন গ্রন্থ। ১০

*অথবা,*

(খ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা (IPA) কী? এই বর্ণমালার বৈশিষ্ট্য এবং প্রয়োজনীয়তা সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। *যে-কোনো ছয়টি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো— ৫×৬

(ক) ব্যক্তিগত প্রবন্ধ

(খ) রোমীয় লিপির প্রয়োজনীয়তা

(গ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানানবিধি অনুযায়ী 'ঙ' এবং 'ং'-এর সঠিক ব্যবহার

(ঘ) প্রবন্ধে সূচনা ও উপসংহারের গুরুত্ব

(ঙ) গল্পে নীতিশিক্ষা

(চ) বাংলা বানান সংস্কারে রবীন্দ্রনাথের ভূমিকা

(ছ) তৎসম শব্দের বানান সম্পর্কে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশিকা

(জ) বাংলা বানানে 'ন' ও 'ণ' ব্যবহারে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশিকা।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও— ১×২০

(ক) আত্মগৌরবী প্রবন্ধের অন্য একটি নাম লেখো।

(খ) 'কিন্নরদল' গল্পটি কার লেখা?

(গ) মানবেতর প্রাণী নিয়ে লেখা একটি বাংলা গল্পের নাম লেখো।

(ঘ) স্বরস্বতী/সরস্বতী— কোনটি সঠিক লেখো।

(ঙ) দূর্গা/দুর্গা— কোনটি সঠিক লেখো।

(চ) 'ঐ' এবং 'ঙ' ধ্বনিদুটি IPA-তে লিপ্যন্তর করো।

(ছ) শুদ্ধ বানান লেখো— কৈবর্ত্যকূল।

(জ) বাংলা বানানের উভয়রূপ প্রচলিত আছে, এমন একটি উদাহরণ দাও।

(ঝ) অন্ত্য ও মধ্য বিসর্গের (ঃ) ক্ষেত্রে কোন নিয়ম গ্রহণীয়?

(ঞ) শুদ্ধ বানান লেখো— অধ্যায়ন/অধ্যয়ন।

(ট) রবীন্দ্রনাথ ঠাকুরের পত্রবিষয়ক একটি গ্রন্থের নাম লেখো।

(ঠ) রোমীয় লিপিতে লেখো— 'ছায়াবৃত'।

(ড) সঠিক বানান লেখো— উত্ত্যক্ত/উত্যক্ত।

(ঢ) 'প্রথম' শব্দটি IPA-তে লিপ্যন্তর করো।

(ণ) 'ঞ' বর্ণটিকে রোমীয় বর্ণমালায় কীভাবে লেখা হয়?

(ত) কৈশর / কৈশোর— কোন বানানটি সঠিক?

(থ) সমীচীন / সমিচীন— কোন বানানটি সঠিক?

(দ) কথাসাহিত্য বলতে কী বোঝো?

(ধ) সঠিক বানানটি লেখো— দুরবস্থা/দুরাবস্থা।

(ন) চরিত্রপ্রধান নামকরণের একটি উদাহরণ দাও।

———